

২০১৯

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) ডায়ারি জাতীয় রচনাগুলি কীভাবে বহুজনের আশ্রয় হয়ে ওঠে তা আলোচনা করো। একটি সাহিত্য-পদবাচ্য ডায়ারির বিষয় ও রীতি বিশ্লেষণ করো।

৯+৯

অথবা,

(খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো।

৯×২

(অ) তুলনামূলক সমালোচনা পদ্ধতি

(আ) ভ্রমণ সাহিত্য

(ই) বহুগত প্রবন্ধ

(ঈ) পত্রসাহিত্য।

২। (ক) 'একা-কে গায় ওই' রচনায় কমলাকান্ত কীভাবে একাকীত্বের নৈরাশ্য থেকে সর্ব-মানবপ্রীতির চেতনায় এসে পৌঁছেছেন, তা বুঝিয়ে দাও।

১২

অথবা,

(খ) 'কমলাকান্তের দপ্তর'-এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে লেখকের হাস্যরস সৃষ্টির নৈপুণ্য বিচার করো।

১২

৩। (ক) 'মনুষ্যামাত্রেই পতঙ্গ'— কোন রচনার অংশ? একথা বলার কারণ পর্যালোচনা করো।

১+৩

অথবা,

(খ) 'চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী'— কোন রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

১+৩

৪। (ক) 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে, তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে লেখো।

১২

অথবা,

(খ) 'ছিন্নপত্র'-এর চিঠিগুলির সঙ্গে রবীন্দ্রনাথের লেখা সমকালীন কবিতার যোগসূত্র আলোচনা করো।

১২

Please Turn Over

- ৫। (ক) 'সেই মক্কতুমির মধ্যে নিস্তক রাতে অনেকগুলো আর্তবর উঠতে লাগল—' 'মক্কতুমি' বলতে কোন স্থানের কথা বলা হয়েছে? 'আর্তবর' ওঠার কারণ ব্যাখ্যা করো।

১+৫

অথবা,

- (খ) 'অন্ধকারের আবরণের মধ্যে দিয়ে এই লোকালয়ের একটি যেন সজীব জৎস্পন্দ আমার বাকের উপর এসে আঘাত করতে লাগল।' — কেন লোকালয়ের কথা বলা হয়েছে? পত্রসংখ্যা উল্লেখ করে বলা, এই পত্রটিতে ববীন্দ্রনাথ তাঁর লেখা কোন কবিতার প্রসঙ্গ এনেছেন?

২+১+১

- ৬। (ক) 'কিন্তু একবার সাহিত্যশাসন ব্যবস্থা চালু হলে সহজে তা লোপ পাওয়ার নয়।' — 'সাহিত্যের রাজনীতি' প্রবন্ধ অনুসরণে এই 'সাহিত্যশাসন ব্যবস্থার' বিশদ পরিচয় দাও।

১৫

অথবা,

- (খ) 'অতএব ভারতীয় সভ্যতার অবনতির কারণ সম্বন্ধে একাধিক ব্যাখ্যার অবকাশ আছে।' — ভারতীয় সভ্যতার অবনতির যে কারণগুলি লেখক 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধে নির্দেশ করেছেন, তা তোমার নিজের ভাষায় আলোচনা করো।

১৫

- ৭। (ক) 'শিল্প-সাহিত্যের গতির মোড় ঘোরে যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে' — 'তিন দশকের নাট্যসমীক্ষা' অবলম্বনে চত্বিশের দশকের নাটকের মোড় কীভাবে ঘুরেছে তা আলোচনা করো। পরবর্তী দুই দশকের প্রগতিশীল বাংলা নাটক সম্পর্কে লেখকের অভিমত কী?

২+৮

অথবা,

- (খ) 'রূপকথা' ও 'উপকথা' পার্থক্য নিরূপণ করো। আজও রূপকথার প্রাসঙ্গিকতা কোথায় তা 'রূপকথা' প্রবন্ধ অবলম্বনে নিজের ভাষায় ব্যক্ত করো।

৫+১০

- ৮। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো।

২০×১

- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারী চরিত্র
 (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে প্রণয়োপাখ্যান কাব্যের ধারা
 (গ) উনিশ শতকে বাংলায় মহাকাব্য চর্চার ধারা
 (ঘ) স্বাধীনতা পরবর্তী বাংলা ছোটগল্প
 (ঙ) বাংলা সাহিত্যের বিকাশে উনিশ শতকের বাংলা সংবাদ-সাময়িকপত্রের ভূমিকা
 (চ) বাংলা সাহিত্যে মহিলা উপন্যাসিক
 (ছ) বাংলা কথাসাহিত্যে দেশভাগ ও দাসী
 (জ) গণনাট্য আন্দোলন
 (ঝ) বাংলা ভ্রমণ সাহিত্য।